

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযথ মর্যাদায় জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হয় ।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জনজাতীয় গৌরব দিবসে আদিবাসী সম্প্রদায়ের উন্নতিকরণ এবং গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে পরিকাঠামোর উন্নতির জন্য ৬,৬০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ।
- (৩) কেন্দ্রীয় যোগাযোগ ও ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন, বর্তমান কেন্দ্রীয় সরকারের লক্ষ্য উত্তর পূর্বাঞ্চলের সবকয়টি রাজ্যকে সার্বিকভাবে আত্মনির্ভর ও শক্তিশালী করে গড়ে তোলা ।
- (৪) সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে ।

Janajatiya Gourav Diwas-Doner Minister :

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় জনজাতীয় গৌরব দিবস উদযাপন করা হয়। কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রকের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক জনজাতীয় গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন,

কেন্দ্রীয় সরকার সমগ্র দেশেই জনজাতিদের কল্যাণে বিভিন্ন প্রকল্প ঘোষণা করে কাজ করছে।

তিনি বলেন, ভগবান বীরসা মুন্ডা শুধু আদিবাসী সম্প্রদায়ের জন্য নয়, দেশের মানুষের জন্য লড়াই করেছেন। ২০১৪ সালে নরেন্দ্র মোদীর নেতৃত্বে নতুন সরকার আসার পর জনজাতিদের উন্নয়নে ব্যাপক পরিবর্তন আসে।

অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, জনজাতিদের সামাজিক, অর্থনৈতিক, স্বাস্থ্য ও শিক্ষার বিকাশে রাজ্য সরকার সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে। অনুষ্ঠানে জনজাতিদের জন্য ২২ কোটি ৭৮ লক্ষ টাকার বিভিন্ন প্রকল্পের সূচনা করেন ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। এর মধ্যে রয়েছে, রাধানগরে জনজাতি অংশের সবজি ব্যবসায়ীদের জন্য বাজার শেড ও রাত্রিকালীন থাকার শেড, কেন্দ্রীয় বিশেষ সহায়তা তহবিল থেকে আশ্রম স্কুলের জন্য টাইপ টু কোয়ার্টার, আমবাসার সত্যরাম সি পি আর স্কুলে ১০০ শয্যার বয়েজ ও ৫০ শয্যার গার্লস হোস্টেলের পুনর্নির্মাণ ইত্যাদি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত সাংসদ কৃতি দেবী দেববর্মা ও রাজীব ভট্টাচার্য প্রমুখ।

Janajatiya Gourav Diwas-Dhalai :

কেন্দ্রীয় খাদ্য জনসংভরন ও ভোক্তা স্বার্থ বিষয়ক দপ্তরের রাজ্যমন্ত্রী নিমুবেন জয়ন্তীভাই বামভানিয়া আজ আমবাসা টাউন হলে ধলাই জিলাভিত্তিক জন জাতীয় গৌরব দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, বর্তমান প্রজন্মকে ভগবান বিরসা মুন্ডার জীবনের ইতিহাস সম্পর্কে জানাতে এই ধরনের অনুষ্ঠানের আয়োজন করেছে কেন্দ্রীয় সরকার। তিনি বলেন,

#####Byte#####

এই অনুষ্ঠানে পি এম এ ওয়াই বেনিফিশিয়ারিদের গৃহ নির্মাণের অনুমোদন পত্র, আয়ুত্থান কার্ড ও বনের পাট্টা প্রদান করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী আজ আমবাসা মহকুমায় বুরু সেটেলমেন্ট এলাকা পরিদর্শন করেন। তাছাড়া তিনি সেখানে নির্মায়মান বিদ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করেন। বুরুহা পাড়াতে বসবাসরত মানুষের সঙ্গেও কথা বলেন তিনি। পরিদর্শনকালে কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে ছিলেন ধলাই জিলা সভাধিনেত্রী সুস্মিতা দাস, জেলা শাসক সাজু ওয়াহিদ এ।

PM-Jamui :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ জনজাতীয় গৌরব দিবসের স্বরণে জামুইতে আদিবাসী সম্প্রদায়ের উন্নতিকরণ এবং গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে পরিকাঠামোর উন্নতির জন্য ৬,৬০০ কোটি টাকার বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। তিনি ধরতি আবা ভগবান বিরসা মুণ্ডার ১৫০তম জন্মবার্ষিকী বর্ষ উদযাপনেরও সূচনা করেন। জামুইতে জনসভায় প্রধানমন্ত্রী বলেন যে তার সরকার আদিবাসী সম্প্রদায়ের ঐতিহ্য ও সংস্কৃতি সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সরকার প্রধানমন্ত্রী জনমন এবং ধরতি আবা জনজাতীয় উৎকর্ষ গ্রাম অভিযান শুরু করেছে যা আদিবাসীদের সরাসরি সুবিধা নিশ্চিত করেছে। তিনি ঘোষণা করেন যে জনজাতীয় উৎকর্ষ গ্রাম অভিযানের অধীনে আদিবাসী গ্রামের পরিকাঠামো উন্নয়নে ৮০,০০০কোটি টাকা ব্যয় করা হবে। প্রধানমন্ত্রী এই উপলক্ষে উপজাতি অধ্যুষিত জেলাগুলিতে বিরসা মুন্ডা গৌরব উপবন চালু করার ঘোষণা করেন। তিনি স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রে আদিবাসীদের জন্য পদক্ষেপ গ্রহণের কথা উল্লেখ করেন। তিনি বলেন যে এই সরকার উপজাতীয় সম্প্রদায়ের ঐতিহ্যবাহী এবং লোক ঔষধ সংরক্ষণ করেছে। তিনি বলেন, সরকারি সহায়তায় উপজাতীয় সম্প্রদায়ের ২০ লক্ষ লাখপতি দিদি হয়েছেন। প্রধানমন্ত্রী বলেন,

#####Byte#####

শ্রী মোদী ভগবান বিরসা মুন্ডার জীবন এবং সমৃদ্ধ আদিবাসী ঐতিহ্য ও সংস্কৃতি বিষয়ক একটি প্রদর্শনীরও উদ্বোধন করেন। তিনি দুটি উপজাতীয় মুক্তিযোদ্ধা জাদুঘর এবং দুটি উপজাতি গবেষণা প্রতিষ্ঠানেরও উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী জামুই থেকে ভারুয়ালভাবে পিএম-জনমন প্রচারাভিযানের অধীনে নির্মিত ১১,০০০ বাড়ির গৃহপ্রবেশেও যোগ দেন।

রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আরলেকার, মুখ্যমন্ত্রী নীতীশ কুমার, কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম, কেন্দ্রীয় মন্ত্রী চিরাগ পাসওয়ান এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Janajatiya Gourav Diwas-All District :

জনজাতীয় গৌরব দিবস উদযাপন অনুষ্ঠান আজ ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। তিনি বলেন, দেশের স্বাধীনতা সংগ্রামে ভগবান বীরসা মুন্ডা'র অসামান্য অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণীয়। ভগবান বীরসা মুন্ডা'র জন্মজয়ন্তী উপলক্ষে রাজ্যভিত্তিক অনুষ্ঠান আজ সন্ধ্যায় কৈলাশহরের গোলকপুর স্কুল মাঠে শুরু হয়েছে। শ্রমমন্ত্রী টিংকু রায় আজ সন্ধ্যায় এই কার্যক্রমের উদ্বোধন করেন।

সিপাহীজলা জেলাতেও উদযাপিত হয়েছে জনজাতীয় গৌরব দিবস। বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে জেলার মূল অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে কয়েকজন জনজাতি অংশের সুবিধাভোগীকে প্রধানমন্ত্রী জনআরোগ্য যোজনার কার্ড, কৃষাণ ক্রেডিট কার্ড ও প্রধানমন্ত্রী আবাস যোজনায় নির্মিত ঘরের চাবি তুলে দেওয়া হয়।

দক্ষিণ জেলাভিত্তিক জনজাতি গৌরব দিবস উদযাপন করা হয় জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে। উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। অনুষ্ঠানে পিএম জনমন প্রকল্পে ৬ জন আয়ুস্মান ভারত কার্ড, বনাধিকার আইনে ১০ জনকে জমির পাত্রা, উপজাতি শংসাপত্র ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়।

উদয়পুর রাজর্ষি কলাক্ষেত্রে জনজাতি গৌরব দিবস উদযাপন করা হয়। উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সহ সভাপতি সুজন কুমার সেন, উদয়পুর পুর পরিষদের পুরপিতা শীতলচন্দ্র মজুমদার।

অল আদিবাসী অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে খোয়াই-এর ধলাবিল বনবীথি ইকো পার্কে জনজাতি গৌরব দিবস উদযাপন করা হয়।

Janajati Dibas Rally :

জনজাতীয় গৌরব দিবস উপলক্ষে আজ আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দান থেকে এক র্যালীর আয়োজন করা হয়। রেলীতে অংশ গ্রহন করে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড: বিশাল কুমার জানান সারা দেশের সঙ্গে রাজ্যের জনজাতিদের কৃষ্টি সংস্কৃতি ও ঐতিহ্যকে রক্ষা করার পাশাপাশি তাদের অধিকার সুরক্ষা এবং উন্নয়নের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

Review Meeting- Doner Minister :

কেন্দ্রীয় যোগাযোগ ও ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকারের লক্ষ্য উত্তর পূর্বাঞ্চলের সবকয়টি রাজ্যকে সার্বিকভাবে আত্মনির্ভর ও শক্তিশালী করে গড়ে তোলা। আজ আগরতলায় সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। শ্রী সিঙ্কিয়া বলেন, আজকের পর্যালোচনা বৈঠকে উত্তর-পূর্ব উন্নয়ন অর্থাৎ ডোনার মন্ত্রকের প্রায় সব প্রকল্প নিয়ে আলোচনা হয়। এই পর্যালোচনায় লক্ষ্য করা গেছে যে, গত ১০ বছরে এই অঞ্চলের প্রতিটি ক্ষেত্রেই বিকাশ সাধিত হয়েছে। তিনি বলেন,

উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে গত ১০ বছরে এই অঞ্চলের জন্য ১ লক্ষ ৩ হাজার কোটি বরাদ্দ করা হয়েছে। তিনি জানান, ত্রিপুরাতেও কেন্দ্রীয় বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। ত্রিপুরার অভ্যন্তরীণ গড় উৎপাদন এবং মাথাপিছু আয়ও বৃদ্ধি পেয়েছে। এখানকার পর্যটন, কুইন প্রজাতির আনারস প্রভৃতির যথেষ্ট সম্ভাবনার রয়েছে। শ্রী সিন্ধিয়া বলেন,

#####Byte#####

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া আরো বলেন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোতে বিনিয়োগ আকৃষ্ট করতে ব্যাঙ্গালুরু, হায়দ্রাবাদ সহ দেশের বিভিন্ন শহরে রোড শো করা হচ্ছে। আগামীদিনে চেন্নাই, মুম্বাই, পুনে, ইন্দোর, কলকাতা প্রভৃতি শহরে এই ধরনের রোড শো করা হবে। সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কৃষিমন্ত্রী রতনলাল নাথ, পর্যন্তমন্ত্রী সুশান্ত চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। দুই দিনের রাজ্য সফর শেষে কেন্দ্রীয় যোগাযোগ ও ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্যা সিন্ধিয়া আজ ফিরে গেছেন।

Human Rights Organigisation :

বিনা বিচারে আটক মানবাধিকার কর্মী, সমাজসেবী, ও রাজনৈতিক কর্মীর মুক্তির দাবিতে আজ ত্রিপুরা মানবাধিকার সংগঠনের পক্ষ থেকে আগরতলায় এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বক্তা, উপা, আফসা সহ বিভিন্ন আইন বাতিলের দাবি জানান। সভায় মানবাধিকার সংগঠনের সম্পাদক আইনজীবী পুরুষোত্তম রায় বর্মণ দেশের বিভিন্ন জায়গায় মানবাধিকার কর্মীদের বিনা বিচারে আটক করা হচ্ছে বলে উল্লেখ করে গভীর উদ্বেগ প্রকাশ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন তরুণ চক্রবর্তী, প্রশান্ত চৌধুরী, অলকানন্দা চৌধুরী প্রমুখ।

State Level Youth Festival :

উনকোটি জেলা সদর কৈলাশহরে আয়োজিত তিনদিনের রাজ্যভিত্তিক যুব উৎসব আজ সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ প্রমুখ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ৩৮ জন পুরস্কৃত হন। মোট বারোটি বিষয়ের উপর প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে ছয়শ'র অধিক যুবক-যুবতী যুব উৎসবে অংশ নেন।

Ras Utsab :

আজ রাস পূর্ণিমা বা রাস উৎসব। ভগবান শ্রী কৃষ্ণের রাস নৃত্য বৈষ্ণব ধর্মীয় সম্প্রদায়ের কাছে এই এক পবিত্র তিথি। আগরতলার শ্রীকৃষ্ণ মন্দির, নরসিংহ আখড়া, লক্ষ্মীনারায়ন বাড়ি, সোনামুড়া মহকুমার উত্তর তৈবান্দালের রাস উৎসবের আয়োজন করা হয়।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের খেলা আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। আসরের প্রথম রাউন্ডের দুটি খেলায় ত্রিপুরা ও মণিপুর জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত দ্বিতীয় খেলায় স্বাগতিক ত্রিপুরা ৪-১ গোলে মিজোরামকে পরাজিত করেছে। এর আগে সকালে অনুষ্ঠিত উদ্বোধনী খেলায় মণিপুর ৬-১ গোলে সিকিমকে পরাজিত করে।

Naidu Trophy :

ত্রিপুরা ও ওড়িশার মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। ওড়িশার সুন্দরগড়ে প্রথমে ব্যাট করতে নেমে স্বাগতিক ওড়িশা প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৫৭ রান করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ১ উইকেট হারিয়ে দিনের শেষে ১৪ রান করে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯.৭ ডিগ্রি সেলসিয়াস।
